

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ  
(বীমা অধিশাখা)  
www.fid.gov.bd

**জীবন বীমা কর্পোরেশনের চলমান নিয়োগ কার্যক্রম পর্যালোচনার লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব আবদুল্যাহ হারুন পাশা, অতিরিক্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
তারিখ ও সময় : ২৪.১১.২০২০, সকাল ১০.৩০ টা  
স্থান : অতিরিক্ত সচিবের কক্ষ (কক্ষ নম্বর-৩০১, ভবন নম্বর-০৭, ৪র্থ তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
উপস্থিতি : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। সভার সূচনা বক্তব্যে জানানো হয় যে, জীবন বীমা কর্পোরেশনের ০৫টি ক্যাটাগরিতে [(সহকারী ম্যানেজার, জুনিয়র অফিসার (প্রকৌশলী), উচ্চমান সহকারী, অফিস সহকারী-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও অফিস সহায়ক)] ৫৫১টি শূন্যপদে সরাসরি নিয়োগের লক্ষ্যে গত ১৭ নভেম্বর ২০১৯ এ ছাড়পত্র প্রদান করা হয়। ছাড়কৃত পদগুলোর মধ্যে সহকারী ম্যানেজার এবং জুনিয়র অফিসার (প্রকৌশলী) পদে ইতোমধ্যে লিখিত এবং ভাইভা পরীক্ষা সম্পন্ন হয়েছে। বাকী ০৩টি পদের মধ্যে অফিস সহকারী-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও অফিস সহায়ক পদে ২৬ নভেম্বর ২০২০ এ এবং উচ্চমান সহকারী পদে ০৩ ডিসেম্বর ২০২০ তারিখে লিখিত/MCQ পরীক্ষা অনুষ্ঠিত হবে। কিন্তু কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য Second Wave এর উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় মন্ত্রিপরিষদ বিভাগের গত ০৩ নভেম্বর ২০২০ এর নির্দেশনার আলোকে জীবীক'র অনুষ্ঠিতব্য পরীক্ষার বিষয়ে পর্যালোচনা করাই এ সভার মুখ্য উদ্দেশ্য।

**আলোচনা:**

১। জীবন বীমা কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জানান যে, ছাড়কৃত পদগুলোর মধ্য থেকে সহকারী ম্যানেজার এর ১০টি ও জুনিয়র অফিসার (প্রকৌশলী) পদে ০১টি পরীক্ষার লিখিত ও ভাইভা পরীক্ষা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। অপরদিকে অফিস সহকারী-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও অফিস সহায়ক পদে আগামী ২৬ নভেম্বর ২০২০ তারিখে লিখিত/MCQ পরীক্ষা নেয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট পরীক্ষার্থীগণকে SMS প্রদানসহ এ লক্ষ্যে সকল প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে এবং উচ্চমান সহকারী পদের লিখিত পরীক্ষা আগামী ০৩ ডিসেম্বর ২০২০ তারিখ নির্ধারণ করে প্রস্তুতি সম্পন্নের কাজ চলছে। উক্ত নিয়োগে অনলাইনে আবেদনকৃত তথ্যানুযায়ী উচ্চমান সহকারী পদে ১,৬৩,২৯২ জন, অফিস সহকারী-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৭০,২৬৮ জন এবং অফিস সহায়ক পদে ৫৩,৭১২ জন পরীক্ষার্থীর লিখিত/MCQ পরীক্ষা নেয়ার লক্ষ্যে সর্বমোট ৯২টি পরীক্ষা কেন্দ্র নির্ধারণ করা হয়েছে। কিন্তু কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বর্তমান উদ্ভূত পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা নেয়া সম্ভব হবে না।

২। জনাব কামরুন নাহার সিদ্দীকা, যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বলেন যে, আসন্ন শীত মৌসুমে দেশে কোভিড-১৯ সংক্রমণ বৃদ্ধির আশংকা করা হচ্ছে। এতে সভাপতি বলেন, উল্লিখিত তারিখে পরীক্ষা হলে পরীক্ষার্থীদের কোভিড-১৯ এ আক্রান্ত হওয়ার সম্ভাবনা দেখা দিতে পারে। কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য Second Wave মোকাবেলায় মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে সামাজিক দূরত্ব বজায় রাখাসহ স্বাস্থ্যবিধি প্রতিপালনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে জীবন বীমা কর্পোরেশনের ০৩টি পদে (উচ্চমান সহকারী, অফিস সহকারী-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও অফিস সহায়ক) চলমান নিয়োগ কার্যক্রমে প্রায় ২,৮৭,২৭২ জন পরীক্ষার্থীর লিখিত/MCQ পরীক্ষার কার্যক্রম গ্রহণ করা সমীচীন হবে না। কারণ এতে অনেক লোকের সমাগম হলে কোভিড-১৯ রোগীর সংখ্যা বেড়ে যাওয়ার সম্ভাবনা দেখা দিবে। জনাব মোহাম্মদ সফিউল আলম, উপসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগও এ বিষয়ে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:**

- (১) আসন্ন শীত মৌসুমে দেশে কোভিড-১৯ সংক্রমণ বৃদ্ধি পাচ্ছে এবং সম্ভাব্য **Second Wave** এ উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় জীবন বীমা কর্পোরেশনের চলমান নিয়োগ কার্যক্রম স্থগিত করা যেতে পারে এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং জীবন বীমা কর্পোরেশন এর ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও, সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের **SMS** প্রদান এবং প্রিন্ট মিডিয়ায় প্রকাশসহ (অনলাইন দৈনিক পত্রিকা) বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার মাধ্যমে তা' প্রচারের বিষয়টি নিশ্চিত করতে হবে।

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২৪-১১-২০২০


(আবদুল্লাহ হাবুন পাশা)  
অতিরিক্ত সচিব (বীমা)

নম্বর-৫৩.০০.০০০০.৪১১.১১.০০২.১৮-২৯৪(১)

তারিখ: ২৪ নভেম্বর, ২০২০

**বিতরণ-সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা;
- ২। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন, ২৪, মতিঝিল বা/এ, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ৩। অতিরিক্ত সচিব (বীমা) এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য); এবং
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ(সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

 ২৪.১১.২০২০

কামরুল হক মারুফ  
উপসচিব  
ফোন: ৯৫৮৪৯৬৬